

## For B.A./B.Sc./B.Mus. (General Candidates only)

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সঠিক উত্তরটি চিহ্নিত করো। (সব প্রশ্নই আবশ্যিক)

২×২৫

1. জনসংখ্যা বৃদ্ধির হার ও ক্রমের পরিবর্তনকে বলে  
(A) ডেমোগ্রাফি (B) জনসংখ্যা বৃদ্ধির প্যাটার্ন (C) ডেমোগ্রাফিক ট্রানজিশন।
2. নিম্নলিখিত কোনটি ভূমিকম্প বিপর্যয়ের ক্ষয়ক্ষতি হ্রাস করতে সহায়ক?  
(A) ভূমিকম্প নিষ্ক্রিয়করণ (B) বিপর্যয় প্রত্নুতি (C) পুনর্নির্মাণ।
3. ক্ষয়কারী, বিক্রিয়াশীল এবং অগ্নিসংযোগের সম্ভাবনাময় বর্জ্য পদার্থকে বলে,  
(A) চিকিৎসা বর্জ্য (B) বিপজ্জনক বর্জ্য (C) গৃহস্থালী ও নাগরিক বর্জ্য।
4. যে সকল প্রদূষকগুলি উৎস থেকে সরাসরি উৎপন্ন না হয়ে, পরিবেশে অন্যান্য প্রদূষকের বিক্রিয়ায় উৎপন্ন হয়, তাকে বলে  
(A) প্রাথমিক প্রদূষক (B) গৌণ প্রদূষক (C) প্যাসিভ প্রদূষক।
5. সাম্প্রতিককালে যেখানে কিছুদিন আগে চিতার পুনঃপ্রবেশ করানো হয়েছে  
(A) কানহা জাতীয় উদ্যান (B) গির জাতীয় উদ্যান (C) কুনো জাতীয় উদ্যান।
6. নিম্নলিখিত কীসের মাংস ভারতবর্ষে বিক্রি করা বা খাওয়া আইনত নিষিদ্ধ?  
(A) সামুদ্রিক কাছিম (B) টার্কি (C) ভেড়া।
7. রিও সম্মেলন সাক্ষরিত হয়  
(A) ১৯৮৮ সালে (B) ১৯৯০ সালে (C) ১৯৯২ সালে।
8. 'সাসটেনেবল ডেভেলপমেন্ট' শব্দবন্ধটি প্রথম ব্যবহার করেন  
(A) পল এলরিচ (B) ব্রন্টল্যান্ড কমিশন (C) থমাস ম্যালথাস।
9. কলয়েড যেভাবে থাকে—  
(A) জলে ভাসমান অবস্থায় (B) জলে জমাট অবস্থায় (C) জলের তলায় থেতানো অবস্থায়।
10. নিম্নলিখিত কোন বিষয়টি পরিবেশবিদ্যার সাথে জড়িত নয়?  
(A) তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম মেধা (B) আইন ও নীতি (C) ক্রীড়া।

Please Turn Over

11. নিম্নলিখিত কোন সম্পর্কটি সঠিক?  
(A) ইউনেসকো — জীববৈচিত্র্যের বিপন্নতা  
 (B) আই ইউ সি এন — রেড ডাটা বুক  
(C) ডব্লু ডব্লু এফ — শিল্প উন্নয়ন।
12. ট্রোপোস্ফিয়ারে বায়ুমণ্ডলের তাপমাত্রায় কী ধরনের পরিবর্তন হয়?  
(A) উচ্চতার সাথে তাপমাত্রা বাড়ে  (B) উচ্চতার সাথে তাপমাত্রা কমে (C) তাপমাত্রায় কোনো পরিবর্তন হবে না।
13. গ্রিনহাউস গ্যাসের স্তর কী ঘটতে দেয় না?  
(A) সূর্যের আলো পৃথিবীপৃষ্ঠে পৌঁছোতে দেয় না  
 (B) পৃথিবীপৃষ্ঠের বিকিরিত তাপ ভূ-বায়ুমণ্ডলের বাইরে যেতে দেয় না  
(C) অতিবেগুনি রশ্মিকে ভূ-বায়ুমণ্ডলে ঢুকতে দেয় না।
14. জৈবনিবৃত্তি (বায়োরিমিডিয়েশন) পদ্ধতি,  
 (A) অণুজীব দ্বারা দূষিত পদার্থের শোধন করে  
(B) যন্ত্রের দ্বারা দূষিত পদার্থের শোধন করে  
(C) ক্লোরিন দ্বারা জল শোধন করে।
15. জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্যারিস চুক্তি সাক্ষরিত হয়  
(A) ২০০০ সালে (B) ২০১০ সালে  (C) ২০১৫ সালে।
16. ভারতের সংবিধান অনুসারে নিম্নলিখিত কোন ধারায় পরিবেশ রক্ষার কথা বলা হয়েছে?  
(A) ৪৭ এ  (B) ৪৮ এ (C) ৫৬ সি।
17. পৃথিবীর সকল ভূত্বক যদি কংক্রিট দিয়ে মুড়ে দেওয়া হয়, এবং তার উপর মাটি দিয়ে চাষ-আবাদ করা হয়, তবে কী হবে না?  
(A) অচিরে ভৌমজলের সংকট দেখা দেবে  
(B) জলচক্রের সামঞ্জস্য নষ্ট হবে  
 (C) কম পরিমাণে তাপ উৎপন্ন হবে।
18. রাসায়নিক অক্সিজেন চাহিদার দ্বারা আসলে পরিমাপ করা হয়  
 (A) জলে বর্তমান জারণশীল বর্জ্যের পরিমাণ  
(B) মাটিতে বর্তমান জারণশীল বর্জ্যের পরিমাণ  
(C) জলে বর্তমান জৈববয়োজনশীল বর্জ্যের পরিমাণ।

19. নিম্নলিখিত কোন সম্পর্কটি সঠিক?  
 (A) সবুজ বিপ্লব — মেধা পাটকার  
 ✓(B) জল সংরক্ষণ — রাজেন্দ্র সিং  
 (C) সাইলেন্ট ভ্যালি আন্দোলন — অমৃতা দেবী।
20. র্যাচেল কারসনের খ্যাতির কারণ—  
 (A) চিপকো আন্দোলন  
 (B) সুস্থায়ী উন্নয়নের ক্ষেত্রে তাঁর ভূমিকা  
 ✓(C) সাইলেন্ট স্প্রিং নামক একটি বই।
21. নিম্নলিখিত কোনটি ওজোন স্তর ক্ষয়ের জন্য দায়ী?  
 ✓(A) ক্লোরোফ্লুরো কার্বন (B) কার্বন ডাইঅক্সাইড (C) সালফার ডাইঅক্সাইড।
22. কোনো একটি গাড়ি বায়ুদূষণ ঘটালে, কোন আইনের দ্বারা তার বিরুদ্ধে পদক্ষেপ করা যায়?  
 ✓(A) বায়ুদূষণ আইন, ১৯৮১ (B) শব্দদূষণ আইন, ২০০০ (C) মোটর ভেইকেল আইন, ১৯৮৮।
23. ভূমিধস কমানোর একটি পদ্ধতি  
 ✓(A) পাহাড়ের ঢালের সঠিক পরিকল্পনা (B) প্রচুর ও সুপরিকল্পিত নগরায়ণ (C) ধসপ্রবণ অঞ্চলগুলির শিল্পায়ন।
24. ভারতবর্ষ একটি  
 ✓(A) মেগাডাইভারসিটি দেশ (B) ম্যাক্রোডাইভারসিটি দেশ (C) মাইক্রোডাইভারসিটি দেশ।
25. এখন ভারতবর্ষে পরিবেশ সংক্রান্ত ব্যাপারে সর্বোচ্চ সংস্থাটি হল  
 (A) পরিবেশ মন্ত্রক  
 ✓(B) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক  
 (C) পরিবেশ দপ্তর।